দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 04. APR. 2015 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ২ ...

# মুক্তিযুদ্ধের আঞ্চলিক ইতিহাসকেও গুরুত্ব দিতে হবে

---------------- ঢাবি উপাচার্য

বাসস

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক বলেছেন, একাত্তরে সারাদেশ জুড়েই যুদ্ধ হয়েছিল। তাই দেশের সব অঞ্চলেই রয়েছে মুক্তিযুদ্ধের ইতিহাস। নতুন প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের আঞ্চলিক ইতিহাসও গুরুত্বের সঙ্গে তুলে ধরতে হবে।

গতকাল সকালে জাতীয় প্রেসক্লাবের কনফারেন্স লাউঞ্জে বিশিষ্ট সাংবাদিক মাছরাঙা টেলিভিশনের যুগ্ম বার্তা সম্পাদক শাহ মুহাম্মদ মুতাসিম রচিত মুক্তিযুদ্ধে সরাইল থানা গ্রন্থের প্রকাশনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

কবি ওয়াহিদ রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই প্রকাশনা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মুক্তিযুদ্ধ জাদুঘরের ট্রাস্টি ডা. সারওয়ার আলী, মুক্তিযুদ্ধ স্মৃতি পরিষদের সহসভাপতি সৈয়দ রফিকুল ইসলাম বীরপ্রতীক, বাংলাদেশ প্রেস ইনস্টিটিউটের মহাপরিচালক শাহ আলমগীর, দৈনিক সংবাদের ভারপ্রাপ্ত সম্পাদক খন্দকার মুনীরুজ্জামান, বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের মহাসচিব আবদুল জলিল ভুইয়া ও ঢাকা সাংবাদিক ইউনিয়নের সভাপতি আলতাফ মাহমুদ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন প্রকাশনা প্রতিস্থান ও অনুষ্ঠানের আয়োজক পারিজাত প্রকাশনীর প্রতিষ্ঠাতা মুনির হোসেন খোকন। লেখক শাহ মুহাম্মদ মুতাসিম বিল্লাহ তার অনুভূতি প্রকাশ করে বক্তব্য দেন। এর আগে অতিথিবৃন্দ গ্রন্থটির মোড়ক উন্মোচন করেন।